



পশ্চিমবঙ্গের সহিংসতার ঘটনায় নিন্দা জানাল ইসলামী আন্দোলন



সংগৃহীত ছবি

সংখ্যালঘুদের নিরাপত্তা নিশ্চিত করে ভারতের রাজনৈতিক দল ও সরকারের দায়িত্বশীল ভূমিকা নিশ্চিত করার আহ্বান জানিয়েছে ইসলামী আন্দোলন বাংলাদেশ।

বৃহস্পতিবার (৭ মে) দেওয়া এক বিবৃতিতে দলের মহাসচিব অধ্যক্ষ হাফেজ মাওলানা ইউনুস আহমদ বলেন, ভারতের পশ্চিমবঙ্গের নির্বাচনের পর কিছু এলাকায় যে সহিংসতা ও সাম্প্রদায়িক উত্তেজনা দেখা গেছে, তা কোনোভাবেই গ্রহণযোগ্য নয় এবং সভ্য সমাজের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়।

তিনি অভিযোগ করেন, নির্বাচনের পরপরই কিছু স্থানে দোকানপাটে হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটে। পুলিশ উপস্থিত থাকলেও পরিস্থিতি নিয়ন্ত্রণে কার্যকর ভূমিকা দেখা যায়নি বলেও তিনি মন্তব্য করেন। এসব ঘটনার ফলে সংখ্যালঘু সম্প্রদায়ের মধ্যে আতঙ্ক তৈরি হয়েছে বলে দাবি করেন তিনি।

ইউনুস আহমদ আরও বলেন, গণতান্ত্রিক প্রক্রিয়া যদি কোনো জনগোষ্ঠীর নিরাপত্তাহীনতার কারণ হয়, তবে সেই ব্যবস্থা নিয়ে প্রশ্ন ওঠা স্বাভাবিক।

ভারত সরকারের প্রতি আহ্বান জানিয়ে তিনি বলেন, সংখ্যালঘুদের নিরাপত্তা নিশ্চিত করা রাষ্ট্রের দায়িত্ব। একই সঙ্গে রাজনৈতিক দলগুলোকেও সহনশীল ও দায়িত্বশীল আচরণ করতে হবে।

বিবৃতিতে সাম্প্রদায়িক উসকানি ও সহিংসতার ঘটনাগুলোর নিন্দা জানানো হয়।